বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

## ২০২৬ সালের জুলাই মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
তারিখ : ২৭.০৭.২০২৬
সময় : দুপুর ২.৩০টা
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম, লেভেল-৬, বাপেক্স ভবন, ঢাকা
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাকে সভাপতি স্বাগত জানান। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন। অতঃপর কোম্পানি সচিব সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | কোম্পানি সচিব সভার শুরুতে জুন ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক কার্যবিবরণীর বিষয়ে কোনো মতামত বা সংশোধনের প্রয়োজন আছে কিনা তা জানতে চান। কোনো মতামত ও সংশোধন না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে উপস্থিত কর্মকর্তাগণ একমত প্রকাশ করেন। | জুন ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব |
| ২। | জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ খনন প্রকল্প | প্রকল্প ব্যবস্থাপক জানান, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের লক্ষ্যে DPP সংশোধনপূর্বক তা পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে যা PSC সভায় উপস্থাপনের প্রক্রিয়াধীন রয়েছে। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের লক্ষ্যে ভূমি হুকুমদখলের জন্য গত ২২.০৬.২০২৬ তারিখে বর্ণিত ভূমির সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) কাজ সংশ্লিষ্ট জেলা প্রশাসন কার্যালয় কর্তৃক সম্পাদিত হয়েছে যার প্রতিবেদন ২৭.০৭.২০২৬ তারিখে পাওয়া গিয়েছে। আগামী সপ্তাহে ভূমি বরাদ্দ কমিটির মিটিং হওয়ার সম্ভাবনা রয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ভূমি হুকুমদখল কার্যক্রম দ্রুত সম্পন্ন করার এবং ডিপিপি অনুমোদনের বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের নিমিত্ত দ্রুত ভূমি হুকুমদখলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। প্রণীত DPP অনুমোদনের লক্ষ্যে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্লান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, কৃষি অফিস, বন বিভাগ ও জেলা মার্কেটিং অফিস কর্তৃক ভূমির মূল্য নির্ধারণ করা হয়েছে। দ্রুততম সময়ে মধ্যে ভূমি অধিগ্রহণ কার্যক্রম | ১। প্রসেস প্লান্ট স্থাপনের কাজ দ্রুত শুরু করতে হবে এবং প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে | ১। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সম্পন্ন হবে। উপমহাব্যবস্থাপক (উৎপাদন) ও প্রকল্প পরিচালক জানান যে, অনেক প্রতিবন্ধকতা থাকা সত্ত্বেও ভোলা নর্থ কূপের প্রসেস প্লান্ট স্থাপনের জন্য পাইপলাইন স্থাপন কাজ চলমান রয়েছে। প্রকল্পের গ্যাস গ্যাদারিং পাইপলাইন নির্মাণকালে ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন জমির মালিক ও অন্যান্য বিষয়ে ক্ষতিপূরণ বাবদ প্রায় ২৫ লক্ষ টাকা খরচ হয়েছে মর্মে প্রকল্পে বিল দাখিল করেছে। এছাড়া নিরাপত্তা দেয়ালের বাইরে পানি জমে ফসলি জমি ভরাট হয়ে গেছে । উক্ত পানি নিষ্কাশনের জন্য ১ ফুট ব্যাসের ড্রেন তৈরি করা হয়েছিল কিন্তু ভারী বর্ষণে উক্ত ড্রেন কাজ করছে না। বর্তমানে দেয়ালের পাশে মাটি কেটে পানি বের করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সার্বিকভাবে, স্থায়ী সমাধানকল্পে বড় আকারের ড্রেন নির্মাণের জন্য প্রকল্পে অর্থ সংস্থান না থাকায় কোন খাত হতে প্রদান করা হবে সেই বিষয়ে দিক-নির্দেশনা কামনা করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, প্রকল্পে বর্ণিত অর্থ বরাদ্দ না থাকলে তা কোম্পানির সুষ্ঠু কাজের স্বার্থে রাজস্ব খাত হতে সংস্থান করা যাবে। তবে, প্রসেস প্লান্ট স্থাপনের কাজ প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্ন করতে হবে। অতঃপর তিনি গ্যাস গ্যাদারিং/সেলস লাইন সংক্রান্ত বিষয়ে ইপিসি ঠিকাদার এর কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (উৎপাদন) ও প্রকল্প পরিচালক জানান যে, গ্যাস গ্যাদারিং/সেলস লাইন সংক্রান্ত বিষয়ে ইপিসি ঠিকাদারের কাজ সরেজমিন পরিদর্শন করা হয়েছে। উক্ত পরিদর্শনকালে ইপিসি ঠিকাদার কর্তৃক Knockout Separator এবং Condensate Separator তৈরির বিষয়টি পরিলক্ষিত হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক প্রসেস প্লান্ট স্থাপনের মালামাল Shipment এর বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (উৎপাদন) ও প্রকল্প পরিচালক জানান যে, ভোলা নর্থ কূপের প্রসেস প্লান্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় মালামাল Shipment আগামী ৩০.১০.২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে বলে ইপিসি ঠিকাদার অবহিত করেছে। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জানান যে, ইতোমধ্যে প্রসেস প্লান্ট স্থাপনের মালামাল Shipment এর বিষয়ে PSI প্রতিষ্ঠানকে অবহিত করা হয়েছে। | আবশ্যিকভাবে তা সম্পন্ন করতে হবে।<br>২। ইপিসি ঠিকাদার এর নিকট থেকে প্রসেস প্লান্ট ও সংশ্লিষ্ট মালামাল শিপমেন্ট অক্টোবর ২০২৬ এর মধ্যে যেন আবশ্যিকভাবে সম্পন্ন হয় সেটি নিশ্চিত করতে হবে।<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম নিবিড়ভাবে তদারকিপূর্বক গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য পূর্ত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ইপিসি ঠিকাদার এর নিকট থেকে প্রসেস প্লান্ট ও সংশ্লিষ্ট মালামাল শিপমেন্ট অক্টোবর ২০২৬ এর মধ্যে যেন আবশ্যিকভাবে সম্পন্ন হয় সেটি নিশ্চিত করার এবং ভূমি অধিগ্রহণ ও পূর্ত কাজ দ্রুততার সাথে শুরু করে নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্প সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ৪। | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি) জানান, ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে প্রকল্পের ডিপিপির উপর গত ১৩.০৭.২০২৬ তারিখে 'প্রকল্প যাচাই কমিটি'-এর সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার নির্দেশনা অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের দরপত্র আহবান কাজের অগ্রগতি জানতে চাইলে প্রকল্প ব্যবস্থাপক জানান যে, দরপত্র দলিল প্রস্তুতকরণের উদ্দেশ্যে একটি কমিটি গঠনের কাজ চলমান রয়েছে। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয় প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) এবং<br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প) |
| ৫। | বাপেক্স-এর একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়ন | মহাব্যবস্থাপক (প্রশাসন) সভায় জানান যে, বাপেক্স-এর জন্য একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়নের কাজ চলমান আছে। বাপেক্সের সকল বিভাগের নিকট মতামত গ্রহণপূর্বক ইতোমধ্যে একটি খসড়া অর্গানোগ্রাম প্রস্তুত করা হয়েছে। বর্ণিত খসড়া অর্গানোগ্রাম চূড়ান্ত করার লক্ষ্যে অতি শীঘ্রই একটি সভা আয়োজন করা হবে। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স এর সকল মহাব্যবস্থাপকগণের মতামতের ভিত্তিতে অর্গানোগ্রাম চূড়ান্ত করার পরামর্শ প্রদান করেন। একইসাথে অর্গানোগ্রাম প্রণয়নের ক্ষেত্রে বাপেক্স-এর সামগ্রিক স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার উপর গুরুত্বারোপ করেন। | ১। বাপেক্স-এর সামগ্রিক স্বার্থকে অগ্রাধিকার প্রদানপূর্বক সংশ্লিষ্ট সকল মহাব্যবস্থাপকগণের মতামতের ভিত্তিতে অর্গানোগ্রাম চূড়ান্ত করে পরিচালক পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৬। | গভীর কূপ খনন প্রকল্প | প্রকল্প পরিচালক সভায় জানান, "৩টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ সাউথ-১) খনন" শীর্ষক প্রকল্পের আওতায় শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ কূপ খননের জন্য আহবানকৃত দরপত্রের বিপরীতে ঠিকাদারি | ১। ভূমি হুকুমদখল প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট প্রকল্প) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রতিষ্ঠান CCDC এর সাথে বাপেক্স এর গত ২৩.০৬.২০২৬ তারিখে চুক্তি সম্পাদিত হয়েছে। গভীর কূপ খনন মনিটরিংয়ের জন্য বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান Rich spread কে দায়িত্ব অর্পণ করা হয়েছে। এ প্রকল্পের আওতাধীন ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপের খনন ঠিকাদার নির্বাচনের লক্ষ্যে গত ৩০.০৬.২০২৬ তারিখে দরপত্র আহবান করা হয়েছে। এছাড়াও, নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড (NoA) প্রদানের বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণের বিষয়টি পরিচালক পর্ষদ সভায় অনুমোদিত হয়েছে। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, শ্রীকাইল ডিপ-১ খনন এলাকার রাস্তা তৈরির কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং উন্নয়ন কাজ চলমান রয়েছে। ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপের ভূমি উন্নয়ন সংক্রান্ত বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এছাড়া, মোবারকপুর ডিপ-১ খননের লক্ষ্যে এলাকার রাস্তা তৈরির কাজ সম্পন্ন হয়েছে এবং কূপ এলাকায় ভূমি উন্নয়ন কাজ চলমান রয়েছে। প্রসঙ্গক্রমে তিনি আরও জানান যে, শ্রীকাইল ডিপ-১ এর ঠিকাদারি প্রতিষ্ঠান বাপেক্স এর চাহিদা মোতাবেক বালু ভরাট করছেন না। তবে, বিষয়টি দ্রুততম সময়ে সুরাহার চেষ্টা অব্যাহত আছে বলে তিনি সভাকে অবহিত করেন। অতঃপর ব্যবস্থাপনা পরিচালক ৩টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ সাউথ-১) খনন” শীর্ষক প্রকল্পের আওতায় আহবায়িত দরপত্রের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, ইতোমধ্যে Pre-bid Meeting আয়োজন করা হয়েছে। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক কূপ খননের প্রস্তুতির লক্ষ্যে যন্ত্রপাতি ও ইক্যুইপমেন্টসহ CCDC আগমনের পূর্বেই রাস্তা ও সাইট প্রস্তুত রাখার নির্দেশনা প্রদান করেন। | ২। কূপ খননের প্রস্তুতির লক্ষ্যে CCDC যন্ত্রপাতি ও ইক্যুইপমেন্টসহ আগমনের পূর্বেই রাস্তা ও সাইট প্রস্তুত রাখতে হবে। | |
| ০৭। | চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ হাসান লতিফ জানান, ‘৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন’ শীর্ষক প্রকল্পের আওতায় ৬৬০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে লিকুইডিটি সার্টিফিকেট সংযোজনপূর্বক ডিপিপি পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী পুনর্গঠন করে পুনরায় পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। বর্ণিত ডিপিপি এর বিষয়ে গত ১৬.০৭.২০২৬ তারিখে PSC সভা অনুষ্ঠিত | ১। চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রণীত ডিপিপির বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>২। ‘৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন’ শীর্ষক প্রকল্পের দরপত্র দলিল | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>৩। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | হয়েছে। তিনি আরও জানান যে, অফলাইনে দরপত্র আহবানের জন্য BPPA এর অনুমোদনের জন্য ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, ২০২৫-২০২৬ অর্থবছরে অফলাইনে দরপত্র আহবানের অনুমোদন প্রদান করা হয়েছে। তবে, E-GP-তে Document Upload হলে সে অনুযায়ী দরপত্র আহবানের নির্দেশনা রয়েছে। যেহেতু অদ্যাবধি E-GP-তে Document Upload হয়নি সেহেতু পূর্বের অনুমোদন অনুযায়ী দরপত্র আহবানের উপর গুরুত্ব আরোপ করেন। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) BPPA হতে নতুন করে অফলাইনে দরপত্র আহবানের অনুমোদন দেয়া হচ্ছে না মর্মে সভাকে অবহিত করেন। | প্রস্তুতপূর্বক বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | |
| ৮। | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) জানান, বাপেক্স-এর বর্তমানে মোট ৩০৩টি (Non-SFI ৬৩টি, SFI ২১৬টি, সংকলনভুক্ত ও পিএ কমিটি ২৪টি) নিরীক্ষা আপত্তি রয়েছে। গত ২০.০৫.২০২৬ তারিখে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় সভায় ১২টি অডিট আপত্তির মধ্যে ১০টি এবং ২০.০৭.২০২৬ তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় ১২টি অডিট আপত্তির মধ্যে ৮টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। এছাড়া (১৬+৬) = ২২টি SFI (অগ্রীম) এবং ০২টি Non-SFI ব্রডশিট জবাব প্রেরণ করার জারিপত্র পাওয়া গিয়েছে। ব্রডশিট জবাব প্রদানের মাধ্যমে আপত্তি নিষ্পত্তি হচ্ছে না। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের মহাপরিচালক এবং পরিচালক পর্যায়ে আলোচনা হলে আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে সহায়ক হতে পারে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান ও ব্রডশিট জবাব প্রদানের মাধ্যমে বাপেক্স-এর অডিট আপত্তির সংখ্যা কমানোর ওপর গুরুত্বারোপ করেন। তিনি অডিট অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্স-এর অডিট আপত্তির সংখ্যা হ্রাস করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ৯। | বাপেক্স-এর দরপত্র মূল্যায়ন কমিটিতে নতুন বহিঃসদস্য অন্তর্ভুক্তকরণ | ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স-এর দরপত্র মূল্যায়ন কমিটিতে নতুন বহিঃসদস্য অন্তর্ভুক্তকরণের বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জানান, বাপেক্স-এর দরপত্র মূল্যায়ন কমিটিতে বহিঃসদস্য অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে বুয়েট হতে ০২ জন এবং ওয়াসা হতে ০১ জন প্রতিনিধির নাম পাওয়া গেছে। এছাড়া, প্রতিনিধির নাম | ১।বাপেক্স-এর দরপত্রসমূহের মূল্যায়ন যথাযথভাবে সম্পাদন করতে হবে এবং বাপেক্স-এর দরপত্রের ধরন ও কারিগরি প্রাসঙ্গিকতা বিবেচনায় দরপত্র মূল্যায়ন কমিটিতে নতুন বহিঃসদস্য | ১।উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রেরণের জন্য পরিচালক পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক Shahjalal University of Science and Technology (SUST) এবং Military Institute of Science and Technology (MIST)-তে পত্র প্রেরণ করা হয়েছে। উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক জনাব স. আ. ম. মেরাজুল আলম মূল্যায়ন কমিটিতে বহিঃসদস্য হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় হতে Procurement কাজে বিজ্ঞ শিক্ষকবৃন্দকে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করলে সভায় একমত প্রকাশ করা হয়। ব্যবস্থাপনা পরিচালক দরপত্র মূল্যায়ন যথাযথভাবে সম্পাদন এবং বাপেক্স-এর দরপত্রের ধরন ও কারিগরি প্রাসঙ্গিকতা বিবেচনায় বহিঃসদস্যের একটি প্যানেল প্রস্তুত করার বিষয়ে পরামর্শ প্রদান করেন। | অন্তর্ভুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১০। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাম ড্রিলিং সংশ্লিষ্ট কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। গত সপ্তাহে সফলভাবে Drill Stem Test (DST) সম্পাদন করা হয়েছে এবং উত্তোলনযোগ্য গ্যাস পাওয়া গেছে। ব্যবস্থাপনা পরিচালক রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ সফলভাবে সম্পন্ন করে উত্তোলনযোগ্য গ্যাস আবিষ্কারের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বাপেক্স এর সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। মহাব্যবস্থাপক (খনন) রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ সম্পন্ন হওয়ায় বিদ্যমান জনবলের সংখ্যা কমিয়ে আনার এবং মালামাল দ্রুততম সময়ের মধ্যে অন্য স্থাপনায় স্থানান্তরের প্রয়োজনীতার বিষয়টি সভাকে অবহিত করেন। মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, রূপগঞ্জ-১ কূপের মালামাল স্থানান্তরের জন্য প্রয়োজনীয় গাড়ী প্রস্তুত রয়েছে। প্রথমে ক্যারাভেনসমূহ স্থানান্তর করে পর্যায়ক্রমে অন্যান্য মালামাল স্থানান্তর করা হবে। তিনি সুষ্ঠু কাজের স্বার্থে জনবল রাখার ওপর গুরুত্ব আরোপ করেন। অতঃপর মহাব্যবস্থাপক (উৎপাদন) রূপগঞ্জ-১ কূপে আবিষ্কৃত গ্যাস জাতীয় গ্রিডে সরবরাহের জন্য প্রয়োজনীয় প্রসেস প্লান্ট আনার বিষয়ে দিক-নির্দেশনা কামনা করলে সভায় জকিগঞ্জে অবস্থানরত প্রসেস প্লান্ট আনার পক্ষে একমত প্রকাশ করা হয়। ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ের মধ্যে রূপগঞ্জ-১ কূপের মালামাল | ১। দ্রুততম সময়ের মধ্যে রূপগঞ্জ-১ কূপের মালামাল স্থানান্তর করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | | ২। রূপগঞ্জ-১ কূপে আবিষ্কৃত গ্যাস জাতীয় গ্রিডে সরবরাহের লক্ষ্যে জকিগঞ্জে অবস্থানরত প্রসেস প্লান্ট আনয়ন করে ব্যবহার করতে হবে। | ২। মহাব্যবস্থাপক (প্রকৌশল) ও ডিআইসি, রূপগঞ্জ-১ কূপ ওয়ার্কওভার প্রকল্প |
| | | | ৩। ওয়েল সার্ভিসেস বিভাগ যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক দৈনিক কত পরিমাণ গ্যাস জাতীয় গ্রিডে সরবরাহ করা যাবে তা উৎপাদন বিভাগকে অবহিত করতে হবে। | ৩। মহাব্যবস্থাপক (উৎপাদন) ও বিভাগীয় প্রধান (ওয়েল সার্ভিসেস) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | স্থানান্তর করার এবং জকিগঞ্জে অবস্থানরত প্রসেস প্লান্ট আনয়নের পরামর্শ প্রদান করেন। একইসাথে যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক দৈনিক কত পরিমাণ গ্যাস জাতীয় গ্রিডে সরবরাহ করা যাবে তা নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ১১। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান, সেমুতাং-৬ কূপে ইতোমধ্যে সফলভাবে ডিএসটি ও কমপ্লিশন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বর্তমানে কূপটি হতে আনুমানিক ২.০ এমএমসিএফডি গ্যাস উৎপাদন পাওয়া যাচ্ছে, যা সরাসরি রিং মেইনে সরবরাহ করা হচ্ছে। | ১। সেমুতাং-৬ কূপ হতে বিজয়-১৮ রিগ ও সংশ্লিষ্ট মালামাল দ্রুত স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| | | তিনি আরও জানান যে, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কাজে ব্যবহৃত বিজয়-১৮ রিগ ও মালামাল দ্রুত স্থানান্তর করা প্রয়োজন। মহাব্যবস্থাপক (প্রকৌশল) উল্লেখ করেন, বিজয়-১৮ রিগটি পরবর্তীতে সালদা-১ এ নেয়া হবে। কিন্তু, রাস্তা যথাযথভাবে প্রস্তুত না থাকায় বিজয়-১৮ রিগটি স্থানান্তর করা সম্ভব হয়নি বলেও সভাকে অবহিত করেন। এ পর্যায়ে, মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, রাস্তা সংস্কার না করে বিজয়-১৮ রিগ ও সংশ্লিষ্ট মালামাল সেমুতাং-৬ কূপ হতে স্থানান্তর করা সম্ভব হবে না। তাই, দ্রুত রাস্তা সংস্কার করা প্রয়োজন। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক সেমুতাং-৬ কূপ হতে বিজয়-১৮ রিগ সংশ্লিষ্ট মালামাল দ্রুত স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। অতঃপর তিনি ভবিষ্যতে বাপেক্স এর রিগসমূহের কারিগরি জটিলতা এড়ানোর লক্ষ্যে Category-3 ও Category-4 নিয়মিত Inspection করার নির্দেশনা প্রদান করেন। | ২। ভবিষ্যতে বাপেক্স এর রিগসমূহের কারিগরি জটিলতা এড়ানোর লক্ষ্যে Category-3 ও Category-4 নিয়মিত Inspection করতে হবে। প্রতিটি রিগ সময়মত Inspection এর ব্যবস্থা নিতে হবে। | ১।মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ১২। | সুন্দলপুর-৩ কূপের ওয়ার্কওভার এবং সুন্দলপুর-৪ কূপ খনন | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, সুন্দলপুর-৪ কূপে খনন কার্যক্রম চলমান আছে। বর্তমানে Cementation Equipment টেস্টিং কাজ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া, সুন্দলপুর সাউথ-১ কূপে খনন কার্যক্রম চলমান আছে এবং ইতোমধ্যে ৬৯৬ মি. খনন কাজ সম্পন্ন হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক নির্ধারিত সময়ের মধ্যে সুন্দলপুর-৪ ও সুন্দলপুর সাউথ- | ১। নির্ধারিত সময়ের মধ্যে সুন্দলপুর-৪ ও সুন্দলপুর সাউথ-১ কূপে খনন কাজ সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। সুন্দলপুর-৩ কূপ দ্রুত ওয়ার্কওভার এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)<br>৩।প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট প্রকল্প) |
| | | ১ কূপে খনন কাজ সম্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। অতঃপর তিনি মেঘনা-১ কূপ ওয়ার্কওভার কাজে রিগ পরিবহনের জন্য ছোট/সংকুচিত রাস্তা সংস্কারের বিষয়ে জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, সম্প্রতি মেঘনা-১ কূপ খনন এলাকার ছোট/সংকীর্ণ | ২। মেঘনা-১ কূপ খনন এলাকার ছোট/সংকীর্ণ রাস্তার বিষয়টি বিবেচনায় নিয়ে ওয়ার্কওভার/খননের সাথে সংশ্লিষ্ট সকল বিভাগসমূহকে পূর্ব প্রস্তুতি নিয়ে রাখতে হবে এবং | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | রাস্তা সংস্কারের লক্ষ্যে সাইট পরিদর্শন কার্যক্রম চলমান এবং বিজিএফসিএল, বাপেক্স এবং বিআইডব্লিউটিসি এর সম্মিলিত সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে যৌথ কমিটির রিপোর্ট মোতাবেক পরবর্তীতে প্রয়োজনীয় কার্যক্রম গৃহীত হবে। | রাস্তা সংস্কারের বিষয়ে বিজিএফসিএল এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | |
| ১৩। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বাপেক্স ভবনের সকল ফ্লোর সরেজমিন পরিদর্শনপূর্বক ইলেকট্রিক্যাল সোর্সগুলো পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রদানের জন্য ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। তিনি আরও জানান যে, সম্প্রতি বাপেক্স ভবনে স্থাপিত গ্লাস মাঝে মাঝে খুলে পড়ছে। বিষয়টি দ্রুত সুরাহা করা প্রয়োজন।<br><br>ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত তদারকি ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং বাপেক্স ভবনে স্থাপিত গ্লাস খুলে পড়ার বিষয়ে অতি দ্রুত ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স ভবনের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত তদারকি ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। বাপেক্স ভবনে স্থাপিত গ্লাস খুলে পড়ার বিষয়ে অতি দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>২। উপমহাব্যবস্থাপক (এইচএসই)<br><br>১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১৪। | বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ। | ১৪.১। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় জানান, আঞ্চলিক কার্যালয়, বাপেক্স-এ সোলার প্যানেল স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একজন কর্মকর্তা পরিদর্শন করে সোলার প্যানেল স্থাপন কাজ যথাযথভাবে হয়েছে মর্মে মতামত ব্যক্ত করেন। অতি শীঘ্রই চুক্তি সম্পাদন করা হবে। প্রসঙ্গক্রমে তিনি উল্লেখ করেন যে, ও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড হতে নেট মিটারিং সরবরাহ করা হবে। সেই নেট মিটারিং স্থাপনের পর মানপরিমাপক সনদ প্রদান করা হবে। ব্যবস্থাপনা পরিচালক দরপত্র দলিলে নেট মিটারিং স্থাপনের পর মানপরিমাপক সনদ প্রদানের বিষয়টি উল্লেখ রয়েছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় দরপত্র দলিলে হুবহু উল্লেখ করা হয়নি বলে অবহিত করেন। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ের মধ্যে চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে নেট মিটারিং স্থাপন এবং চুক্তির শর্তানুযায়ী ঠিকাদারকে বিল পরিশোধের নির্দেশনা প্রদান করেন। | ১। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ের মধ্যে নেট মিটারিং স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। চুক্তির শর্তানুযায়ী ঠিকাদারকে বিল পরিশোধ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১৪.২। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় জানান যে, আঞ্চলিক কার্যালয়, বাপেক্স-এ অনেক অকেজো মালামাল অব্যবহৃত অবস্থায় রয়েছে। তাই, তিনি বাপেক্স এর অকেজো মালামালের জন্য নিলাম আহবান করা হলে চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় এর অকেজো মালামালসমূহ অন্তর্ভুক্ত করার ওপর গুরুত্ব আরোপ করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর অকেজো মালামালের জন্য নিলাম আহবানের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি প্রকৌঃ মোহাম্মদ শেফাউল ইসলাম জানান যে, কমিটি কর্তৃক বাপেক্স এর অকেজো মালামালের তালিকা চূড়ান্ত করা হয়েছে এবং একটি কার্যপত্র প্রস্তুত রয়েছে যা কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক পরিচালক পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। মহাব্যবস্থাপক (প্রশাসন) চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় এর অকেজো মালামালসমূহ অন্তর্ভুক্ত করে কার্যপত্র পরিচালক পর্ষদ সভায় উপস্থাপনের পক্ষে মতামত ব্যক্ত করেন। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর অকেজো মালামাল নিলামের লক্ষ্যে পরবর্তীতে পর্ষদ সভায় একটি কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স এর অকেজো মালামাল নিলামের লক্ষ্যে পরবর্তী পর্ষদ সভায় একটি কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি |
| | | ১৩.৩। মহাব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম জানান যে, হালদায় ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে পূর্ত কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। পূর্ত কাজের জন্য নিয়োজিত ঠিকাদারের জনবল স্থাপনাটি ত্যাগ করলে নিরাপত্তহীনতা তৈরি হওয়ার আশঙ্কা রয়েছে। বর্তমানে মাত্র ০২ জন নিরাপত্তাকর্মীর মাধ্যমে স্থাপনাটি তদারকি করা হচ্ছে যা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল। তাই, স্থাপনাটির নিরাপত্তার স্বার্থে দ্রুত নিরাপত্তাকর্মী নিয়োজন করা প্রয়োজন। মহাব্যবস্থাপক (নির্মাণ) হালদায় সম্প্রতি Wire ও পাম্প স্থাপনের বিষয়টি উল্লেখ করে স্থাপনাটি নিরাপত্তা নিশ্চিত করার পক্ষে মতামত ব্যক্ত করেন। ব্যবস্থাপনা পরিচালক হালদায় ওয়ার্কওভার করার জন্য প্রয়োজনীয় মালামাল ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা আছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (খনন) জানান যে, আইপিএস রিগ দ্বারা শাহবাজপুর কূপ খননের পর হালদা ওয়ার্কওভার করার কর্মপরিকল্পনা রয়েছে। তবে, হালদা কূপে ওয়ার্কওভার সম্পাদনের জন্য কিছু মালামাল থাকলেও Service এর | ১। হালদা স্থাপনাটি নিরাপত্তার স্বার্থে দ্রুত জনবল সরবরাহ করতে হবে। মহাব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করবেন।<br>২। দ্রুততম সময়ের মধ্যে হালদা কূপে ওয়ার্কওভার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (নির্মাণ), মহাব্যবস্থাপক (প্রকৌশল) ও মহাব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জন্য দরপত্র আহবান করা প্রয়োজন। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক হালদা স্থাপনাটির নিরাপত্তার স্বার্থে দ্রুত জনবল সরবরাহ করার পরামর্শ প্রদান করেন এবং দ্রুততম সময়ের মধ্যে হালদা কূপে ওয়ার্কওভার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ১৪.৪। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, বাপেক্স ভবন বর্ধিত করার বিষয়ে কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে; তবে কার্যক্রম প্রত্যাশিতভাবে অগ্রসর করা যায়নি। এছাড়া বর্তমানে ভবন সংক্রান্ত নতুন কাজ গ্রহণে সরকারি বিধিনিষেধ থাকায় কাজ বাস্তবায়নে সীমাবদ্ধতা রয়েছে। | ১। বাপেক্স ভবনে ১২ তলার উপরে কয়েকটি ফ্লোর করার বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | মহাব্যবস্থাপক (নির্মাণ)-ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি |
| | | মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) বলেন যে, বসার স্থানের সীমাবদ্ধতার কারণে হিসাব ও অর্থ বিভাগে যোগদানকৃত নতুন কর্মকর্তাগণকে বসার স্থান প্রদান করা সম্ভব হচ্ছে না। এছাড়াও, হিসাব ও অর্থ বিভাগের আওতাধীন রেকর্ড রুমে জায়গা সংকুলান না হওয়ায় অনেক গুরুত্বপূর্ণ নথি ও ডকুমেন্টস্ সংরক্ষণে অসুবিধা হচ্ছে বলে তিনি সভাকে অবহিত করেন। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, বাপেক্স ভবনের দ্বিতীয় তলার একটি অংশে হিসাব ও অর্থ বিভাগের কর্মকর্তাগণের বসার স্থান প্রস্তুত করা হচ্ছে যা দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন হবে। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন যে, বাপেক্স ভবনের দ্বিতীয় তলায় যে অংশে বসার স্থান প্রস্তুত করা হচ্ছে সেটি ক্যান্টিনের জন্য রাখা হয়েছে বিধায় সেখানে স্থায়ী কোন স্থাপনা তৈরি না করার পক্ষে মতামত ব্যক্ত করেন। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, বর্ণিত স্থানে স্থায়ীভাবে বসার স্থান তৈরি করা হলেও প্রয়োজনীয়তার নিরীখে সেটি ভাঙ্গা যাবে বিধায় অসুবিধ হবে না।<br><br>উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক জনাব স. আ. ম.মেরাজুল আলম বলেন যে, বাপেক্স এর বর্তমানে ০৭ (সাত)-টি প্রকল্প চলমান আছে এবং আরও ০৭ (সাত)-টি প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। তাই, প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রকল্পের জন্য আলাদা দপ্তর/সেট-আপ নির্ধারণ করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, বর্তমানে বাপেক্সে জনবল বৃদ্ধি পাচ্ছে এবং ভবিষ্যতে আরও জনবল যুক্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। ইতোমধ্যে ৩৩ জন কর্মকর্তা নিয়োগের প্রস্তাব পেট্রোবাংলায় প্রেরণ করা | ২। বাপেক্স এর কর্মকর্তাগণের কর্মদক্ষতা বৃদ্ধি এবং সুন্দর কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরে প্রয়োজনীয় সংখ্যক শক্তিশালী Exhaust ফ্যান স্থাপন করতে হবে।<br><br>৩। প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রকল্পের জন্য আলাদা দপ্তর/সেট-আপ তৈরির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br><br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br><br>৩। উপমহাব্যবস্থাপক (সেবা) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | হয়েছে। তাই বাপেক্স ভবনের ১২ তলার উপরে অতিরিক্ত তিন/চার/পাঁচটি ফ্লোর নির্মাণের সম্ভাব্যতা, প্রয়োজনীয়তা এবং বাস্তবায়নযোগ্যতা নিয়ে একটি সুস্পষ্ট প্রস্তাবনা প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন। একইসাথে বাপেক্স এর কর্মকর্তাগণের কর্মদক্ষতা বৃদ্ধি এবং সুন্দর কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরে প্রয়োজনীয় সংখ্যক শক্তিশালী Exhaust ফ্যান স্থাপনের নির্দেশনা প্রদান করেন। একইসাথে বাপেক্স ভবনে ১২ তলার উপরে কয়েকটি ফ্লোর করার বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ১৪.৫। ব্যবস্থাপনা পরিচালক মানিকগঞ্জ-১, পটিয়া-২, ফেঞ্চুগঞ্জ-৬ কূপ খননের লক্ষ্যে ডিপিপি প্রণয়ন করা হয়েছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, মানিকগঞ্জ-১, পটিয়া-২, ফেঞ্চুগঞ্জ-৬ কূপ খননের জন্য ডিপিপি প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন আছে। উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) জনাব মোঃ আনিসুর রহমান সোহেল জানান যে, মানিকগঞ্জ-১, পটিয়া-২, ফেঞ্চুগঞ্জ-৬ কূপ খননের জন্য দ্রুত ডিপিপি প্রণয়ন করা না গেলে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ চ্যালেঞ্জিং হবে। তাই, তিনি দ্রুততম সময়ে বর্ণিত প্রকল্পের ডিপিপি প্রণয়ন কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মানিকগঞ্জ-১, পটিয়া-২, ফেঞ্চুগঞ্জ-৬ কূপ খননের লক্ষ্যে ডিপিপি প্রণয়নপূর্বক আগামী ১৪.০৮.২০২৬ তারিখের মধ্যে একটি কার্যপত্র প্রস্তুত রাখার নির্দেশনা প্রদান করেন। মহাব্যবস্থাপক (নির্মাণ) ফেঞ্চুগঞ্জ নর্থ-১ কূপ খননের জন্য বর্তমানে নির্ধারিত স্থানটি দুই নদীর মোহনায় অবস্থিত বিধায় কূপ খননের জন্য পূর্ত কাজ সম্পাদন খুবই জটিল ও ঝুঁকিপূর্ণ হবে। তাই, তিনি জলদি-৪ ও ফেঞ্চুগঞ্জ নর্থ-১ কূপ খননের জন্য লোকেশন পুর্নবিবেচনা করা হয়েছে কিনা জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জনাব মোঃ মশিউর রহমান জানান যে, জলদি-৪ ও ফেঞ্চুগঞ্জ নর্থ-১ কূপ খননের লক্ষ্যে নতুন লোকেশনে কূপ খননের স্থান নির্ধারণের বিষয়টি পুনর্বিবেচনার জন্য G & G সভায় উপস্থাপন করা হয়েছে। উক্ত সভায় subsurface target achievement এর বিষয়টি বিবেচনায় নিয়ে কূপ খননের স্থান Shifting না করার পক্ষে মতামত ব্যক্ত করা | ১। মানিকগঞ্জ-১, পটিয়া-২, ফেঞ্চুগঞ্জ-৬ কূপ খননের লক্ষ্যে ডিপিপি প্রণয়নপূর্বক আগামী ১৪.০৮.২০২৬ তারিখের মধ্যে একটি কার্যপত্র প্রস্তুত করতে হবে।<br><br>২। জলদি-৪ ও ফেঞ্চুগঞ্জ নর্থ-১ কূপ খননের লক্ষ্যে দ্রুত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবহস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | হয়। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক মানিকগঞ্জ-১, পটিয়া-২, ফেঞ্চুগঞ্জ-৬ কূপ খননের লক্ষ্যে ডিপিপি প্রণয়নপূর্বক আগামী ১৪.০৮.২০২৬ তারিখের মধ্যে একটি পরিচালক পর্ষদ সভার কার্যপত্র প্রস্তুত রাখার নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ১৪.৬। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, সম্প্রতি বাপেক্সে অনেক নতুন কর্মকর্তাগণকে নিয়োগ প্রদান করা হলেও কম্পিউটার না থাকায় আশানুরূপ সুফল পাওয়া যাচ্ছে না। এছাড়া, বাপেক্সে বিদ্যমান অনেক কম্পিউটার দীর্ঘদিনের পুরানো হওয়ায় দাপ্তরিক কাজের গতিশীলতা হ্রাস পাচ্ছে। তাই, দাপ্তরিক কাজের গুরুত্ব বিবেচনায় জরুরি ভিত্তিতে নতুন কম্পিউটার ক্রয় করা দরকার। আলোচনার এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জনাব মোঃ মশিউর রহমান জানান যে, বেসিন স্টাডি উপবিভাগের উপমহাব্যবস্থাপকের ব্যবহৃত ডেস্কটপ কম্পিউটারটি বহু পুরাতন ও নিম্নমানের কনফিগারেশন এর হওয়ায় দাপ্তরিক ও কারিগরি কার্যক্রম যথাসময়ে সম্পাদনে বিঘ্ন সৃষ্টি হয় বিধায় একটি উচ্চ কনফিগারেশনের ডেস্কটপ কম্পিউটার প্রয়োজন। তিনি আরও উল্লেখ করেন যে, বেসিন স্টাডি উপবিভাগে ব্যবহৃত সফটওয়্যারটি আংশিক মডিউল সম্পন্ন হওয়ায় অপারেটিং প্রসিডিউর অনুসারে সব কাজ করা সম্ভব হয়না। এছাড়াও সফটওয়্যার সংশ্লিষ্ট ওয়ার্কস্টেশনটিও অনেক পুরাতন হওয়ায় কাজের সময় স্থবির হয়ে পড়ে এবং যে কোনো সময় অকেজো হয়ে যেতে পারে। তিনি আরও উল্লেখ করেন, উপবিভাগে কর্মরত কর্মকর্তাদের এই সফটওয়্যার বিষয়ে কোনো প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ নেই। ৫০/১০০ কূপের খনন সময়াবদ্ধ পরিকল্পনা স্বল্পতম সময়ে বাস্তবায়নে সফটওয়্যারটি দ্বারা আংশিক কাজ করেই অপারেটিং প্রসিডিউর এর চেকলিস্ট স্বাক্ষর করতে হয় যা মোটেই সমীচীন নয়। এমতাবস্থায়, বেসিন স্টাডি উপবিভাগের কাজ নির্বিঘ্নে সম্পাদনের জন্য সকল মডিউলসম্পন্ন আধুনিক ও পূর্ণাঙ্গ সফটওয়্যার (ওয়ার্কস্টেশন সহ) এবং দীর্ঘ মেয়াদী কার্যকর প্রশিক্ষণ অতীব প্রয়োজন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর কর্মকর্তাগণের দাপ্তরিক কাজের স্বার্থে প্রয়োজনীয়তার নিরিখে কম্পিউটার ক্রয়ের | ১। বাপেক্স এর কর্মকর্তাগণের দাপ্তরিক কাজের স্বার্থে প্রয়োজনীয়তার নিরীখে কম্পিউটার ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (আইসিটি)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। | | |
| | | ১৪.৭। সভায় আর কোনো আলোচ্য বিষয় আছে কিনা জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (বোর্ড) জানান যে, বাপেক্স এর "যানবাহন ব্যবহার নীতিমালা-২০২৫" গত ০১ জুলাই ২০২৬ তারিখে অফিস আদেশের মাধ্যমে জারি হয়েছে। তাই তিনি ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ও মহাব্যবস্থাপক (প্রশাসন)-সহ এর সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে আন্তরিক ধন্যবাদ জানান। অতঃপর তিনি বলেন যে, কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীকে উক্ত নীতিমালার বিধানসমূহ যথাযথভাবে অনুসরণের নির্দেশ প্রদান করা হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী প্রাধিকারভুক্ত কর্মকর্তা হিসেবে ব্যবস্থাপনা পরিচালক/উর্ধ্বতন মহাব্যবস্থাপক/ মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক পর্যায়ের সকল কর্মকর্তাগণ জ্বালানি এবং চালকসহ সার্বক্ষণিক গাড়ি সুবিধা প্রাপ্য হবেন বলে উল্লেখ রয়েছে। কিন্তু বাস্তবে কয়েকজন উপমহাব্যবস্থাপক সার্বক্ষণিক গাড়ি সুবিধা পেলেও এখনো অল্প সংখ্যক উপমহাব্যবস্থাপক সার্বক্ষণিক গাড়ি সুবিধা পাচ্ছেন না।<br><br>আবার তাদের জুনিয়র কর্মকর্তা হয়েও কিছু কর্মকর্তা গাড়ি ক্রয়ের ঋণ সুবিধা পাচ্ছেন। ফলে প্রাধিকারভুক্ত কর্মকর্তা হয়েও যানবাহন পুল হতে সার্বক্ষণিক গাড়ি বা গাড়ি ক্রয়ের ঋণ সুবিধা না পাওয়ায় তাদের মধ্যে হতাশা বিরাজ করছে বলে তিনি জানান। তাই তিনি প্রাধিকারভুক্ত কর্মকর্তাগণকে সার্বক্ষণিক গাড়ী সুবিধা প্রদান করা হলে বিরাজমান হতাশা দূর হবে এবং কর্মস্পৃহা বহুগুণে বৃদ্ধি পাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (সেবা) সভায় জানান যে, গাড়ি ক্রয়ের ঋণ সুবিধা গ্রহণের সুযোগ থাকা সত্বেও কিছু কর্মকর্তা সেই সুবিধা গ্রহণ করেননি। প্রসঙ্গক্রমে উপমহাব্যবস্থাপক (বোর্ড) জানান যে, তিনি ২০২৩ সালে গাড়ি ক্রয়ের ঋণের জন্য আবেদন করলেও তার জুনিয়র কর্মকর্তাকে ঋণ মঞ্জুর করা হয়েছে বলে তিনি বৈষম্যের শিকার হয়েছেন। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক জনাব স. আ. ম. মেরাজুল আলম বলেন যে, কোম্পানির কাজের স্বার্থে প্রাধিকারভুক্ত কর্মকর্তাগণকে পুলের গাড়ী | ১। কোম্পানির কাজের স্বার্থে যানবাহন পুলের যে সকল গাড়ি মেরামতযোগ্য রয়েছে সে সকল গাড়ি দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সংযুক্ত (Attached) হিসেবে প্রদান করলে বৈষম্য লাঘব হবে এবং কর্মক্ষেত্রে তাদের স্ট্যাটাসও সম্মানজনক হবে। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক কোম্পানির কাজের স্বার্থে যানবাহন পুলের যে সকল গাড়ি মেরামতযোগ্য সে সকল গাড়ি দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ১৩.৮। মহাব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম জানান যে, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের প্রশাসনিক ভবন দীর্ঘদিনের পুরানো হওয়ায় মাঝে মাঝে দেয়াল খসে পড়ছে। ফলে কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দুর্ঘটনার আশঙ্কা তৈরি হয়েছে। তাই তিনি চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের প্রশাসনিক ভবন দ্রুত সংস্কার/পুনঃনির্মাণ করার জন্য অনুরোধ করেন। এছাড়া, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাদের অফিসে যাওয়া-আসার জন্য কোনো গাড়ি না থাকায় কর্মকর্তাগণের যাতায়াতের গাড়ির ব্যবস্থা করতে অনুরোধ জানান। ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের প্রশাসনিক ভবন সংস্কার/পুনঃনির্মাণ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং একইসাথে চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাদের অফিসে যাওয়া-আসার জন্য গাড়ি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরার্মশ প্রদান করেন। | ১। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের প্রশাসনিক ভবন সংস্কার/পুননির্মাণ করার বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাদের অফিসে যাওয়া-আসার জন্য গাড়ী সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>৩। মহাব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করে

প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

বিতরণ:
১) মহাব্যবস্থাপক ..................................................................বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ..............................................................বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক.......................................বাপেক্স।
৪) অফিস কপি।